

## বিটিএমএ'র টেক্সটাইল ও গার্মেন্ট মেশিনারি প্রদর্শনী ৯ ফেব্রুয়ারি থেকে

অর্থনৈতিক রিপোর্টার

তিন দিনব্যাপী নবম ঢাকা আন্তর্জাতিক টেক্সটাইল ও গার্মেন্ট মেশিনারি প্রদর্শনী ৯ ফেব্রুয়ারি শুরু হবে। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক কেন্দ্রে চার দিনের এ মেলা আয়োজন করছে যৌথভাবে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), তাইওয়ানের চ্যান চাও ইন্টারন্যাশনাল লিমিটেড ও তাইওয়ানের ইগুরকার্স ট্রেড অ্যান্ড মার্কেটিং কোম্পানি। মেলা আয়োজক কমিটির সংবাদ বিজ্ঞপ্তি সূত্রে এসব তথ্য জানা গেছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, টেক্সটাইল ও গার্মেন্ট শিল্প বাংলাদেশের অর্থনীতির জন্য খুবই গুরুত্বপূর্ণ। বাংলাদেশের রফতানি আয়ের ৮০ ভাগই আসে পোশাক খাত থেকে। পোশাক রফতানির দিক দিয়ে বাংলাদেশের অবস্থান বিশ্বে চতুর্থ। এ শিল্পে প্রতি বছর প্রায় ১৯ বিলিয়ন মার্কিন ডলার মূল্যমানের পণ্য রফতানি করা হয়ে থাকে। চলতি অর্থবছরে ২৬ বিলিয়ন মার্কিন ডলারের পোশাক রফতানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

আয়োজকরা জানান, আন্তর্জাতিক মেলায় দেশ-বিদেশের আট শতাধিক প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। ১০টি হলের এ মেলায় ১ হাজারের বেশি বৃথ থাকবে। ৯ থেকে ১২ ফেব্রুয়ারি প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা দর্শকদের জন্য উন্মুক্ত থাকবে।